AE-2

SE (Pr. Unit)
XEN (Pr. Unit)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.৯৯.০৩৬.১৯-২৭২ তারিখঃ ১৮/০৩/২০১৯ খ্রি:

বিষয় : উপজেলা পর্যায়ে ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্টের (e-GP) মাধ্যমে ক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

সূত্র : প্রধান প্রকৌশলী, এলজিইডি এর স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.১৮.০১০.১৮-৪৫৪ তারিখ: ০৪/১১/২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, উপজেলা পর্যায়ে ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্টের (e-GP) মাধ্যমে ক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ নির্দেশক্রমে জারী করা হ'লঃ

১ (ক) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত এলজিআই ই-মেইল ডোমেইন (lgi.gov.bd) এর আওতায় প্রস্তুতকৃত আইডি ব্যতীত অন্য কোন আইডি ই-জিপির কাজে ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে;

(খ) অর্থমন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী যে সকল দরপত্রের অনুমোদনকারী কর্তৃপক্ষ উপজেলা চেয়ারম্যান, সে সকল দরপত্রের ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষ হিসেবে উপজেলা চেয়ারম্যান সংযুক্ত খসড়া (সংযুক্তি-১) অনুসরণক্রমে "দরপত্র মূল্যায়ন কমিটি" ও "দরপত্র উন্মুক্তকরণ কমিটি" গঠন করবেন; এবং উক্ত কমিটিদ্বয়ের সভাপতি ও সদস্য সচিব হইবেন যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ।

(গ) উপজেলা পরিষদের ক্ষেত্রে দরপত্র আহ্বান করবেন উপজেলা প্রকৌশলী এবং তিনি ই-জিপি সিস্টেমে Organization Admin হিসেবে দায়িত্ব পালন করবেন;

(ঘ) উপজেলা পরিষদের সকল ক্রয়ের ক্ষেত্রে দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব, যথাক্রমে দরপত্র উন্মুক্তকরণ কমিটির সভাপতি ও সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন;

(ঙ) উপজেলা পরিষদ উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের মধ্য হতে একজন যোগ্য ফোকাল পারসন মনোনীত করে তার মাধ্যমে "proinfo.lged.gov.bd" ওয়েবসাইটে নিয়মিত তথ্য হাল নাগাদ করবেন;

২। এ বিষয়ে বিস্তারিত তথ্যের প্রয়োজন হলে নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি,(ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd মোবাঃ ০১৭০৮-১২৩১৩২, ফোনঃ ০২-৮১৮১১০৩), সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি (মোবাইলঃ ০১৭০৮-১২৩২৪৭), এবং হেল্প ডেস্ক (ই-মেইল focal@lgi.gov.bd, ফোনঃ ০২-৮১৮১৪৭৩) এর সাথে যোগাযোগ করা যাবে।

সংযুক্ত : বর্ণনামতে

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭২৩০
ই-মেইলঃ lgd.upazila2@gmail.com

বিতরণ :

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,...............................উপজেলা, জেলাঃ.......................................।

২। উপজেলা নির্বাহী অফিসার, .............................উপজেলা, জেলাঃ...............................................।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থেঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। বিভাগীয় কমিশনার,......................... (সকল)।

৪। জেলা প্রশাসক,......................... (সকল)।

৫। নির্বাহী প্রকৌশলী, প্রকিউরমেন্ট, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৬। উপজেলা প্রকৌশলী/ উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি,.........................উপজেলা, জেলাঃ.........................।

৪৭২

সংযুক্তি-১

উপজেলা পরিষদের মনোগ্রাম

............... উপজেলা পরিষদ
...............(উপজেলা), .............(জেলা)
www...............gov.bd(যদি থাকে)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- তারিখঃ

# অফিস আদেশ

বিষয়: ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্টের (e-GP) মাধ্যমে উপজেলা পরিষদের অধীন আর্থিকক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী উপজেলা চেয়ারম্যান পর্যায়ে অনুমোদনযোগ্য কার্য ও ভৌতসেবা এবং পণ্য ও সংশ্লিস্ট সেবা ক্রয় সংক্রান্ত "দরপত্র উন্মুক্তকরণ কমিটি" এবং "দরপত্র মূল্যায়ন কমিটি" গঠন প্রসঙ্গে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের গত ১৮/০৩/২০১৯ খ্রি: তারিখের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.৯৯.০৩৬.১৯-২৭২;

ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্টের (e-GP) মাধ্যমে উপজেলা পরিষদের অধীন আর্থিক ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী উপজেলা চেয়ারম্যান পর্যায়ে অনুমোদনযোগ্য কার্য ও ভৌতসেবা ক্রয় সংক্রান্ত দরপত্র উন্মুক্তকরণ এবং দরপত্র মূল্যায়নের জন্য Bangladesh Electronic Government Procurement (e-GP) Guideline, 2011 এর Appendix-2 এর SN.3 এবং 4 অনুযায়ী নিম্নরূপ "দরপত্র উন্মুক্তকরণ কমিটি" এবং "দরপত্র মূল্যায়ন কমিটি" নির্দেশক্রমে গঠন করা করা হ'লঃ

ক. দরপত্র মূল্যায়ন কমিটিঃ

| ক্রমিক নং | পদবী | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার, অত্র উপজেলা; | সভাপতি | |
| ০২. | উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, অত্র উপজেলা<br>(অবর্তমানে জ্যেষ্ঠ উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, অত্র উপজেলা) | সদস্য | |
| ০৩. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, অত্র উপজেলা; | সদস্য-সচিব | |

**কমিটির কর্মপরিধিঃ**

ক) দরপত্র পরীক্ষা ও মূল্যায়ন করা;
খ) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা;
গ) মূল্যায়ন প্রতিবেদন পিপিআর-২০০৮ এর বিধি-৩৬ মোতাবেক নির্ধারিত পদ্ধতিতে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা;

**খ. দরপত্র উন্মুক্তকরণ কমিটিঃ**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার, অত্র উপজেলা; | সভাপতি | |
| ০২. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, অত্র উপজেলা; | সদস্য-সচিব | |

**কমিটির কর্মপরিধিঃ**

দরপত্র উন্মুক্তকরণ কমিটি e-GP Portal-এ বর্ণিত ধাপসমূহ যথাযথ অনুসরণ করে দরপত্র উন্মুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(.......................(নাম)
চেয়ারম্যান
..........উপজেলা পরিষদ
ফোনঃ ....................
ই-মেইলঃ .................. (যদি থাকে)

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ
১. জেলা প্রশাসক,---------জেলা ।
২. উপজেলা নির্বাহী অফিসার, ............................. .উপজেলা, জেলাঃ.........................................।
৩. উপজেলা প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি,.........................উপজেলা,জেলাঃ.........................................।